

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪১৯) সাওম রেখে রক্ত পরীক্ষা (Blood test) করার জন্য রক্ত প্রদান করার বিধান কী? এতে কি সাওম নষ্ট হবে।

উত্তর: ব্লাড টেস্ট করার জন্য রক্ত বের করলে সাওম ভঙ্গ হবে না। কেননা ডাক্তার অসুস্থ ব্যক্তির চেক আপ করার জন্য রক্ত নেওয়ার নির্দেশ দিতে পারে। কিন্তু এ রক্ত নেওয়া অল্প হওয়ার কারণে শিঙ্গা লাগানোর মতো এর কোনো প্রভাব শরীরে দেখা যায় না, তাই এতে সাওম ভঙ্গ হবেনা। আসল হচ্ছে সিয়াম ভঙ্গ না হওয়া- যতক্ষণ পর্যন্ত সাওম ভঙ্গের জন্য শরী আতসম্মত দলীল না পাওয়া যাবে। আর সামান্য রক্ত বের হলে সাওম ভঙ্গ হবে এখানে এমন কোনো দলীল পাওয়া যায় না।

কিন্তু রোগীর শরীরে রক্ত প্রবেশ করার জন্য বেশি পরিমাণে রক্ত প্রদান করা সাওম ভঙ্গের অন্যতম কারণ। কেননা এর মাধ্যমে শিঙ্গা লাগানোর মত শরীরে প্রভাব পড়ে। অতএব, সিয়াম যদি ওয়াজিব হয়, তবে এভাবে বেশি পরিমাণে রক্ত দান করা জায়েয নয়। তবে রোগীর অবস্থা যদি আশংকাজনক হয়, মাগরিব পর্যন্ত অপেক্ষা করলে তার প্রাণ নাশের সম্ভাবনা থাকে এবং ডাক্তারদের সিদ্ধান্ত যে, এ সাওম আদায়কারীর রক্তই শুধু রোগীর উপকারে আসবে ও তার প্রাণ বাঁচানো সম্ভবপর হতে পারে, তবে এ অবস্থায় রক্ত দান করতে কোনো অসুবিধা নেই। রক্ত দানের মাধ্যমে সাওম ভঙ্গ করে পানাহার করবে। অতঃপর এ সাওমের কাযা আদায় করবে। (আল্লাহ্ই অধিক জ্ঞান রাখেন।)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1093

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন